‘হে হাসানের পিতা! রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কী অবস্থায় সকাল করলেন?’ তিনি বললেন, ‘আলহামদু লিল্লাহ, তিনি ভাল অবস্থায় সকাল করলেন।

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, আলী ইবনে আবী তালেব রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হতে তাঁর সেই অসুস্থ অবস্থায়
বের হলেন, যাতে তিনি ইন্তেকাল করেছিলেন। অতঃপর লোকেরা বলল, ‘হে হাসানের পিতা! রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কী অবস্থায় সকাল করলেন?’ তিনি বললেন, ‘আলহামদু লিল্লাহ, তিনি ভাল অবস্থায় সকাল করলেন। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, আলী ইবনে আবী তালেব রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হতে তাঁর সেই অসুস্থ অবস্থায় বের হলেন, যাতে তিনি ইন্তেকাল করেছিলেন। আলী রাদিয়াল্লাহু ‘আনহু ছিলেন রাসূলে মেয়ে জামাই এবং চাচাতো ভাই, ফলে আলীকে জিজ্ঞাসা করা হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কী অবস্থায় সকাল করলেন?’ এটি রাসূলের প্রতি সাহাবীদের মহব্বত, ভালোবাসা ও গুরুত্ব প্রদান। তখন আলী রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, ‘আলহামদু লিল্লাহ, তিনি সুস্থ অবস্থায় সকাল করলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5912